

ঢাকা ক্রেডিট ইউনিয়ন স্কুলে “বিশ্ব মা দিবস” পালন

আজ রবিবার, ১০ মে ২০২৬ খ্রিষ্টাব্দ । বিশ্বের অধিকাংশ দেশের সাথে বাংলাদেশও পালন করছে “বিশ্ব মা দিবস” । ঢাকা ক্রেডিট ইউনিয়ন স্কুলের প্রত্যেক ছাত্র/ছাত্রীদের অন্তরের অন্তস্থল থেকে আমাদের মায়ের সমতুল্য প্রিয় শিক্ষিকাদের জানাই “মা” দিবসের শুভেচ্ছা ও ভালোবাসা” ।



ইতিহাস: মা দিবসের আধুনিক রূপটি শুরু হয়েছিল আমেরিকায়, একজন সাধারণ নারীর অসাধারণ ভালোবাসা থেকে এ্যানা জার্ডিস ১৯০৮ সালের ১০ মে পশ্চিম ভার্জিনিয়ার গ্রাফটনে তার মায়ের স্মৃতিতে প্রথম মা দিবস পালন করেন । তিনি ৫০০টি সাদা কার্নেশাল ফুল বিতরণ করেন ।

মার্কিন প্রেসিডেন্ট উড্রো উইলসন ১৯১৪ সালে মে মাসের দ্বিতীয় রবিবারকে জাতীয় “মা দিবস ” হিসেবে ঘোষণা করেন । তারপর তা অন্যান্য দেশে ছড়িয়ে পড়ে । প্রতিটি দেশ নিজস্ব সংস্কৃতি অনুযায়ী দিনটি পালন করে ।



তাই ঢাকা ক্রেডিট ইউনিয়ন স্কুল প্রতি বছর ন্যায় এবছর ও বিশ্ব মা দিবস পালনে অংশগ্রহন করে। স্কুলের শিক্ষার্থীদের সকল মা'দের তাঁদের অবদানের ক্ষেত্র স্বরণ করে কৃতজ্ঞতা প্রকাশ করে। সকল শিক্ষার্থীরা মা দিবসে শিক্ষিকাদের মায়ের মত ভালোবাসা প্রকাশ করে একটি গোলাপ ফুল দিয়ে।

